দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 16 NOV 1988
পৃষ্ঠা 3 কলাম 4

219

## দাউদকান্দি ও মেহেরপুর ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনর্বহালের দাবী

দাউদকান্দি, ১৪ই নভেম্বর (সংবাদদাতা)—গৌরীপুর মুন্সী ফজলুর রহমান কলেজের ছাত্রী-ছাত্রীরা আজ এক সভায় ঐ কলেজে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনঃপ্রতিষ্ঠার দাবী অবিলম্বে পূরণ না করা হইলে অবস্থান ধর্মঘটের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক বন্ধ করিয়া দেওয়ার সিদ্ধান্ত নিয়াছে।

কলেজটিতে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনঃপ্রতিষ্ঠার দাবীতে আজ তিনদিন যাবৎ ছাত্র-ছাত্রীদের ক্লাস বর্জন ও বিক্ষোভ মিছিল অব্যাহত রহিয়াছে। স্থানীয় আওয়ামী লীগ নেতা মোহাম্মদ শাহজাহান বন্যাবিধ্বস্ত এলাকাটির মানুষের আর্থিক অবস্থার কথা বিবেচনা করিয়া কলেজটিতে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনঃস্থাপনের দাবী জানাইয়াছেন।

### মেহেরপুর সরকারী কলেজ

মেহেরপুর সংবাদদাতা জানান, মেহেরপুর সরকারী কলেজে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনঃস্থাপনের দাবী জানাইয়া গত ২রা নভেম্বর মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, গত তিন বৎসর যাবৎ মেহেরপুরে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় জেলার অল্প আয়ের অর্ধ সহস্রাধিক দরিদ্র ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।

উল্লেখ্য, ১৯৮৬ সালের ডিগ্রী পরীক্ষায় ব্যাপক নকল ও হাঙ্গামার অভিযোগে মেহেরপুরসহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে আরও ৫টি কেন্দ্র বাতিল হইয়া যায়।

### ফেনী সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল

ফেনী সংবাদদাতা জানান, ফেনী সরকারী কলেজের ডিগ্রী

(৪র্থ পৃঃ দ্রঃ)

দাউদকান্দি ও মেহেরপুর
(৩য় পৃঃ পর)

পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল হইয়াছে। জানা যায় যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এক পত্রে ফেনীর জেলা প্রশাসককে জানাইয়াছেন যে, পরীক্ষামূলকভাবে ফেনী সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষার কেন্দ্র পুনরায় বহাল করা হইয়াছে।